তারিখঃ ২৫ জানুয়ারি

বিষয় ঃ রীট পিটিশন নং-২৪/২০১৮। [পিটিশনার জনাব এস.এম মনসুর উদ্দিন, পিতা-মৃত-আমির উদ্দিন শেখ, গ্রাম-বীরগঞ্জ, পোস্ট-কৃষ্ণপুর থানা-মনোহরদী, জেলা- নরসিংদী ও অপর ১ জন - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরনী প্রেরণ প্রসঙ্গে

সূত্র ঃ সহকারী রেজিষ্ট্রার কর্তৃক ১০.০১.২০১৮ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ০৩.০১.২০১৮ তারিখের আদেশ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের প্রশাসনিক অনুমোদন সম্পর্কিত স্থানীয় সরকার বিভাগের ২১.১২.২০১৭ তারিখের ১০০৭ নং স্মারক চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৭ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত স্মারক কেন বেআইনী ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ঃ রুলের কপি।

২৫.১.১৮

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-১)
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫
e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

১। জেলা প্রশাসক, নরসিংদী।
২। উপসচিব, ইউপি-১ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি ঃ

১. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।